গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জনপ্রশাসন মন্ত্রণালয়
সরকারি যানবাহন অধিদপ্তর
সচিবালয় লিংক রোড, ঢাকা
www.dgt.gov.bd

নং-০৫.০৩.০০০০.০০৫.১১.০৬৩.২০-০২ তারিখ: ২৩ পৌষ ১৪২৭ বঙ্গাব্দ
০৭ জানুয়ারি ২০২১ খ্রি.

# নিয়োগ বিজ্ঞপ্তি

সরকারি যানবাহন অধিদপ্তরের নিম্নোক্ত পদসমূহে সরাসরি নিয়োগের জন্য যোগ্য প্রার্থীদের নিকট হতে অনলাইনে আবেদনপত্র আহবান করা যাচ্ছে:

| ক্র. নং | পদের নাম ও বেতন স্কেল (জাতীয় বেতন স্কেল ২০১৫ অনুযায়ী) | পদের সংখ্যা | শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা | যে সকল জেলার প্রার্থীদের আবেদন করার প্রয়োজন নেই |
|---|---|---|---|---|
| ০১. | গাড়িচালক (গ্রেড-১৫) টা: ৯,৭০০-২৩,৪৯০/- | ২৮০ (দুইশত আশি)টি | (ক) কোনো স্বীকৃত বোর্ড হইতে জুনিয়র স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ;<br>(খ) ভারী গাড়ি চালনার বৈধ ভারী ড্রাইভিং লাইসেন্স;<br>(গ) অভিজ্ঞতাসম্পন্ন চালকগণ অগ্রাধিকার পাইবেন। | মানিকগঞ্জ, গোপালগঞ্জ, রাজবাড়ী, শরীয়তপুর, খাগড়াছড়ি, রাঙ্গামাটি, জয়পুরহাট, পাবনা, নড়াইল, বাগেরহাট, কুষ্টিয়া, বরিশাল, ঝালকাঠি, বরগুনা জেলার প্রার্থীগণের আবেদন করার প্রয়োজন নেই।<br><br>এতিম ও শারীরিক প্রতিবন্ধী কোটায় সকল জেলার প্রার্থী আবেদন করতে পারবেন। |
| ০২. | মেকানিক গ্রেড-বি (গ্রেড-১৫) টা: ৯,৭০০-২৩,৪৯০/- | ২৫ (পঁচিশ)টি | (ক) কোনো স্বীকৃত বোর্ড হইতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ;<br>(খ) অটোমোটিভ মেশিনস, ইলেক্ট্রিক্যাল ইন্সটলেসন্স এন্ড মেইনটেন্যান্স, ফিটিং, মেশিন শপ প্রাকটিস, রেফ্রিজারেশন এন্ড এয়ার কন্ডিশনিং বা ওয়েলডিং বিষয়ে ট্রেড কোর্স উত্তীর্ণ;<br>(গ) সংশ্লিষ্ট ট্রেডে ০২(দুই) বৎসরের অভিজ্ঞতা;<br>অথবা<br>(ক) কোনো স্বীকৃত বোর্ড হইতে অটোমোবাইল, ইলেক্ট্রিক্যাল, ওয়ার্কস এন্ড মেইনটেন্যান্স, এগ্রো মেশিনারি, মেশিন টুল অপারেশন এন্ড মেইনটেন্যান্স, রেফ্রিজারেশন এন্ড এয়ার কন্ডিশনিং বা ওয়েলডিং এন্ড ফেব্রিকেশন ট্রেডে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট (ভোকেশনাল) বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ;<br>(খ) সংশ্লিষ্ট ট্রেডে ০২(দুই) বৎসরের বাস্তব অভিজ্ঞতা। | |
| ০৩. | গাড়িচালক (গ্রেড-১৬) টা: ৯,৩০০-২২,৪৯০/- | ১৮৬ (একশত ছিয়াশি)টি | (ক) কোনো স্বীকৃত বোর্ড হইতে জুনিয়র স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ;<br>(খ) হালকা গাড়ি চালনার বৈধ হালকা ড্রাইভিং লাইসেন্স;<br>(গ) অভিজ্ঞতা সম্পন্ন চালকগণ অগ্রাধিকার পাইবেন। | |
| ০৪. | স্পীডবোট চালক (গ্রেড-১৬) টা: ৯,৩০০-২২,৪৯০/- | ৯৬ (ছিয়ানব্বই)টি | স্পীডবোট চালনায় ০৩(তিন) বৎসরের অভিজ্ঞতা থাকতে হবে। | |
| ০৫. | অফিস সহকারী কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক (গ্রেড-১৬) টা: ৯,৩০০-২২,৪৯০/- | ০৭ (সাত)টি | কোনো স্বীকৃত বোর্ড হইতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ; | |
| ০৬. | হিসাব সহকারী (গ্রেড-১৬) টা: ৯,৩০০-২২,৪৯০/- | ০৪ (চার)টি | কোনো স্বীকৃত বোর্ড হইতে বাণিজ্য বিভাগে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ; | |
| ০৭. | টাইম কিপার (গ্রেড-১৬) টা: ৯,৩০০-২২,৪৯০/- | ০১ (এক)টি | কোনো স্বীকৃত বোর্ড হইতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ; | |
| ০৮. | ক্রয় সহকারী (গ্রেড-১৬) টা: ৯,৩০০-২২,৪৯০/- | ০১ (এক)টি | কোনো স্বীকৃত বোর্ড হইতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ। | |

| | | | | |
|---|---|---|---|---|
| ০৯. | মেকানিক গ্রেড-ডি, (গ্রেড-১৮) টা: ৮,৮০০-২১,৩১০/- | ০৮ (আট)টি | (ক) কোনো স্বীকৃত বোর্ড হইতে মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণসহ অটোমোটিভ মেশিনস, ইলেক্ট্রিক্যাল ইন্সটলেশন্স এন্ড মেইনটেন্যান্স, ফিটিং, মেশিন শপ প্রাকটিস, রেফ্রিজারেশন এন্ড এয়ার কন্ডিশনিং বা ওয়েলডিং বিষয়ে ট্রেড কোর্স উত্তীর্ণ ও সংশ্লিষ্ট ট্রেডে ০২(দুই) বৎসরের বাস্তব অভিজ্ঞতা;<br>অথবা<br>কোনো স্বীকৃত বোর্ড হইতে অটোমোটিভ মেকানিক্যাল ড্রাফটিং উইথ ক্যাড, ইলেক্ট্রিক্যাল মেইনটেন্যান্স ওয়ার্কস, ফার্ম মেশিনারি, জেনারেল মেকানিক্স, মেশিন টুলস অপারেশন, জেনারেল ইলেক্ট্রিক্যাল ওয়ার্কস, রেফ্রিজারেশন এন্ড এয়ার কন্ডিশনিং বা ওয়েল্ডিং এন্ড ফেব্রিকেশন বা ওয়েল্ডিং ট্রেডে মাধ্যমিক সার্টিফিকেট (ভোকেশনাল) বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ;<br>(খ) সংশ্লিষ্ট ট্রেডে ০২(দুই) বৎসরের অভিজ্ঞতা থাকতে হবে। | মানিকগঞ্জ, মুন্সীগঞ্জ, নরসিংদী, ফরিদপুর,গোপালগঞ্জ, রাজবাড়ী,শরীয়তপুর, বান্দরবান, ব্রাহ্মণবাড়িয়া, রাঙ্গামাটি, জয়পুরহাট, কুড়িগ্রাম, পঞ্চগড়, মাগুড়া, নড়াইল, বাগেরহাট, কুষ্টিয়া, বরিশাল, ঝালকাঠি, পিরোজপুর, বরগুনা, পটুয়াখালী জেলার প্রার্থীগণের আবেদন করার প্রয়োজন নেই।<br><br>এতিম ও শারীরিক প্রতিবন্ধী কোটায় সকল জেলার প্রার্থী আবেদন করতে পারবেন। |
| ১০. | ডেসপাচ রাইডার (গ্রেড-১৮) টা: ৮,৮০০-২১,৩১০/- | ১৫ (পনের)টি | (ক) কোনো স্বীকৃত বোর্ড হইতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ;<br>(খ) মোটর সাইকেল চালনার বৈধ ড্রাইভিং লাইসেন্স থাকতে হবে। | |
| ১১. | স্টোর ম্যানিয়েল (গ্রেড-২০) টা: ৮,২৫০-২০,০১০/- | ০১ (এক)টি | কোনো স্বীকৃত বোর্ড হইতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ। | |
| ১২. | ক্লিনার/হেলপার (গ্রেড-২০) টা: ৮,২৫০-২০,০১০/- | ৫১ (একান্ন)টি | (ক) কোনো স্বীকৃত বোর্ড হইতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণসহ অটোমোটিভ মেশিনস, ইলেক্ট্রিক্যাল ইন্সটলেশন্স এন্ড মেইনটেন্যান্স, ফিটিং, মেশিন শপ প্রাকটিস, রেফ্রিজারেশন এন্ড এয়ার কন্ডিশনিং, ওয়েলডিং অটোমেকানিক, অটো ইলেকট্রিশিয়ান, অটো ডেন্টিং পেইন্টিং, ডায়াগনস্টিক টেকনিশিয়ান, সিএনজি ও এলএনজি কনভার্শন টেকনিশিয়ান বা অটোমোবাইল ইনটেরিয়র টেকনিশিয়ান বিষয়ে ট্রেড কোর্স পাস;<br>অথবা<br>কোনো স্বীকৃত বোর্ড হইতে অটোমোটিভ মেকানিক্যাল ড্রাফটিং উইথ ক্যাড, ইলেক্ট্রিক্যাল মেইনটেন্যান্স ওয়ার্কস, ফার্ম মেশিনারি, জেনারেল মেকানিক্স, মেশিন টুলস অপারেশন, জেনারেল ইলেক্ট্রিক্যাল ওয়ার্কস, রেফ্রিজারেশন এন্ড এয়ার কন্ডিশনিং, ওয়েলডিং এন্ড ফেব্রিকেশন বা ওয়েল্ডিং ট্রেডে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট (ভোকেশনাল) বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ। | |
| ১৩. | অফিস সহায়ক (গ্রেড-২০) টা: ৮,২৫০-২০,০১০/- | ০৯ (নয়)টি | (ক) কোনো স্বীকৃত বোর্ড হইতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ;<br>(খ) সুস্বাস্থ্যের অধিকারী। | |
| ১৪. | নিরাপত্তা প্রহরী (গ্রেড-২০) টা: ৮,২৫০-২০,০১০/- | ২৫ (পঁচিশ)টি | (ক) কোনো স্বীকৃত বোর্ড হইতে জুনিয়র স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ;<br>(খ) সুঠাম দেহের অধিকারী। | |

০২. নিম্নবর্ণিত শর্তাবলি আবেদন ফরম পূরণ এবং পরীক্ষায় অংশগ্রহণের ক্ষেত্রে অবশ্যই অনুসরণ করতে হবে:

ক. সরকারি যানবাহন অধিদপ্তরের স্মারক নং-০৫.০৩.০০০০.০০৪.১১.০৪৮.১৬-২৩২/১৮৩৮; তারিখ:০৮/০৮/২০১৭ খ্রি. মূলে বিগত ০৯/০৮/২০১৭ খ্রি. তারিখে 'দৈনিক সমকাল' পত্রিকায় প্রকাশিত বিজ্ঞপ্তিতে গাড়িচালক, স্পীডবোট চালক, অফিস সহকারী কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক, হিসাব সহকারী ও ডেসপাচ রাইডার পদে এবং বিগত ২১/০৯/২০১৭ খ্রি. তারিখে সরকারি যানবাহন অধিদপ্তরের স্মারক নং-০৫.০৩.০০০০.০০৪.১১.০৪৮.১৬-২৩২/২১৭৮; তারিখ: ২০/০৯/২০১৭ খ্রি. মূলে 'দৈনিক সমকাল' এবং 'Bangladesh Today' পত্রিকায় ২১/০৯/২০১৭ খ্রি. তারিখে প্রকাশিত বিজ্ঞপ্তিতে গাড়িচালক পদে আবেদনকারীদের আবেদন বহাল থাকবে। তাদের পুনরায় আবেদন করার প্রয়োজন নেই।

খ. নিয়োগের ক্ষেত্রে সরকারের প্রচলিত বিধি-বিধান, কোটা পদ্ধতি এবং পরবর্তীতে এ সংক্রান্ত কোন সংশোধন হলে তা অনুসরণ করা হবে।

গ. সাধারণ প্রার্থীদের ক্ষেত্রে **০১/০১/২০২১** খ্রি. তারিখে বয়স ১৮ হতে ৩০ বছর এবং বীর মুক্তিযোদ্ধা/শহীদ বীর মুক্তিযোদ্ধাদের পুত্র-কন্যা এবং শারীরিক প্রতিবন্ধী প্রার্থীদের ক্ষেত্রে বয়সসীমা সর্বোচ্চ ৩২ বছর। বয়স প্রমাণের ক্ষেত্রে কোন এফিডেভিট গ্রহণযোগ্য হবে না।

ঘ. বীর মুক্তিযোদ্ধা/শহীদ বীর মুক্তিযোদ্ধাদের পুত্র-কন্যাদের পুত্র-কন্যার ক্ষেত্রে বয়সসীমা ৩০ বছর পর্যন্ত।

ঙ. সরকারি, আধা-সরকারি ও স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানে চাকরিরত প্রার্থীদের অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের অনুমতিক্রমে আবেদন করতে হবে। প্রার্থীদেরকে অবশ্যই মৌখিক পরীক্ষার সময় সংশ্লিষ্ট নিয়োগকারী কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত অনাপত্তি ছাড়পত্রের মূলকপি জমা দিতে হবে।

চ. লিখিত, মৌখিক ও ব্যবহারিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।

ছ. মৌখিক পরীক্ষার সময় সংশ্লিষ্ট সকল শিক্ষাগত সনদ/অভিজ্ঞতার সনদ/কোটার সনদ বা প্রমাণপত্র, জাতীয় পরিচয়পত্র এবং লাইসেন্স এর মূল কপি প্রদর্শন করতে হবে এবং পূরণকৃত Application Form সহ আবেদনে দাখিলকৃত সকল সনদ এবং প্রবেশপত্রসহ সত্যায়িত একসেট ফটোকপি দাখিল করতে হবে। এছাড়া জেলার স্থায়ী বাসিন্দার প্রমাণক হিসেবে ইউনিয়ন পরিষদ/পৌরসভা/সিটি কর্পোরেশন কর্তৃক প্রদত্ত সনদ, জাতীয় পরিচয়পত্রের ফটোকপি এবং আবেদনকারী বীর মুক্তিযোদ্ধার পুত্র-কন্যার পুত্র-কন্যা হলে আবেদনকারী যে বীর মুক্তিযোদ্ধা/শহীদ বীর মুক্তিযোদ্ধার পুত্র-কন্যার পুত্র-কন্যা এ মর্মে সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/সিটি কর্পোরেশনের ওয়ার্ড কাউন্সিলর/পৌরসভার মেয়র/কাউন্সিলর কর্তৃক প্রদত্ত সনদের সত্যায়িত ফটোকপি দাখিল করতে হবে।

জ. আবেদনকারীকে তার সর্বশেষ অর্জিত শিক্ষাগত যোগ্যতার তথ্য আবশ্যিকভাবে উল্লেখ করতে হবে।

ঝ. নিয়োগকারী কর্তৃপক্ষ বিজ্ঞপ্তিতে উল্লিখিত পদের সংখ্যা হ্রাস/বৃদ্ধি এবং বিজ্ঞপ্তি বাতিল করার অধিকার সংরক্ষণ করেন।

ঞ. এক জেলার বাসিন্দা অন্য জেলার বাসিন্দা হিসেবে আবেদন করতে পারবেন না।

ট. আবেদনকারী নিয়োগ লাভের পর বাংলাদেশের যে কোন স্থানে চাকরি করতে বাধ্য থাকবেন।

ঠ. নিয়োগ সংক্রান্ত বিষয়ে নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্ত চূড়ান্ত বলে গণ্য হবে।

ড. উল্লেখ করা হয়নি এমন ক্ষেত্রে সরকারের সর্বশেষ জারিকৃত বিধি-বিধান প্রযোজ্য হবে।

ঢ. প্রার্থীর যোগ্যতা যাচাই: প্রার্থী কর্তৃক প্রদত্ত কোনো তথ্য বা দাখিলকৃত কাগজপত্র জাল, মিথ্যা বা বিজ্ঞপ্তিতে চাওয়া ন্যূনতম শর্তের সাথে গরমিল/অসামঞ্জস্য পাওয়া গেলে, ভূয়া প্রমাণিত হলে কিংবা পরীক্ষায় নকল বা অসদুপায় অবলম্বন করলে সংশ্লিষ্ট প্রার্থীর প্রার্থিতা বাতিল করা হবে এবং তার বিরুদ্ধে যথাযথ আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে। ভুল তথ্য/জাল কাগজপত্র প্রদর্শিত হলে পরীক্ষায় উত্তীর্ণ যে কোন প্রার্থীর প্রার্থিতা পরীক্ষা চলাকালীন অথবা পরবর্তীতে যে কোন সময়ে বাতিল করার ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।

০৩. **অনলাইনে আবেদনপত্র পূরণ সংক্রান্ত নিয়মাবলি/শর্তাবলি:**

ক. পরীক্ষায় অংশগ্রহণে ইচ্ছুক প্রার্থীগণ http://dgt.teletalk.com.bd ওয়েবসাইটে আবেদনপত্র পূরণ করবেন। আবেদনের সময়সীমা নিম্নরূপ:

i. Online-এ আবেদনপত্র পূরণ ও পরীক্ষার ফি জমাদান শুরুর তারিখ ও সময় **১২/০১/২০২১** খ্রি. সকাল ১০.০০টা।

ii. Online-এ আবেদনপত্র জমাদানের শেষ তারিখ ও সময় **১১/০২/২০২১** খ্রি.বিকাল: ০৫.০০ টা।

iii. উক্ত সময়সীমার মধ্যে User ID প্রাপ্ত প্রার্থীগণ Online-এ আবেদনপত্র Submit-এর সময় থেকে পরবর্তী ৭২(বাহাত্তর) ঘন্টার মধ্যে এসএমএস এ পরীক্ষার ফি জমা দিতে পারবেন।

খ. Online আবেদনপত্রে প্রার্থী তার রঙ্গিন ছবি (দৈর্ঘ্য ৩০০×প্রস্থ ৩০০ pixel) এবং স্বাক্ষর (দৈর্ঘ্য ৩০০×প্রস্থ ৮০ pixel) স্ক্যান করে র্নিধারিত স্থানে upload করবেন। ছবির সাইজ সর্ব্বোচ্চ 100KB ও স্বাক্ষরের সাইজ সর্বোচ্চ 60KB হতে হবে।

গ. Online আবেদনপত্রে পূরণকৃত তথ্যই যেহেতু পরবর্তী সকল কার্যক্রমে ব্যবহৃত হবে, সেহেতু Online-এ আবেদনপত্র submit করার পূর্বেই পূরণকৃত সকল তথ্যের সঠিকতা সম্পর্কে প্রার্থী নিজে শতভাগ নিশ্চিত হবেন।

ঘ. প্রার্থী Online-এ পূরণকৃত আবেদনপত্রের একটি রঙ্গিন প্রিন্টকপি পরীক্ষা সংক্রান্ত যে কোনো প্রয়োজনে সহায়ক হিসেবে সংরক্ষণ করবেন এবং মৌখিক/ব্যবহারিক পরীক্ষার সময় এক কপি জমা দিবেন।

ঙ. গাড়িচালক ও ডেসপাচ রাইডার পদে আবেদনকারীগণকে অবশ্যই অনলাইনে আবেদন করার সময় ড্রাইভিং লাইসেন্স-এর Information দিতে হবে। অন্যথায়, গাড়িচালক ও ডেসপাচ রাইডার পদে চূড়ান্তভাবে বিবেচনা করা হবে না।

চ. SMS প্রেরণের নিয়মাবলী ও পরীক্ষার ফি প্রদান: Online-এ আবেদনপত্র (Application Form) যথাযথভাবে পূরণ করে নির্দেশনা মতে ছবি এবং স্বাক্ষর upload করে আবেদনপত্র submit করা সম্পন্ন হলে কম্পিউটারে ছবিসহ Application Preview দেখা যাবে। নির্ভুলভাবে আবেদনপত্র submit করা সম্পন্ন প্রার্থী একটি User ID, ছবি এবং স্বাক্ষরযুক্ত একটি Applicant's copy পাবেন। উক্ত Applicant's copy প্রার্থী রঙ্গিন প্রিন্ট অথবা download করে সংরক্ষণ করবেন। Applicant's কপিতে একটি User ID নম্বর দেয়া থাকবে এবং User ID নম্বর ব্যবহার করে প্রার্থী নিম্নোক্ত পদ্ধতিতে যে কোন Teletalk Pre-paid মোবাইল নম্বরের মাধ্যমে ০২ (দুই)টি SMS করে ০১-০৮ নং ক্রমিকের জন্য পরীক্ষার ফি বাবদ ১০০/-(একশত) টাকা ও Teletalk এর সার্ভিস চার্জ বাবদ ১২/-(বার) টাকা, মোট ১১২/-(একশত বার) টাকা এবং ০৯-১৪ ক্রমিকের জন্য পরীক্ষার ফি বাবদ ৫০/-(পঞ্চাশ) টাকা ও Teletalk এর সার্ভিস চার্জ বাবদ ০৬/-(ছয়)টাকা, মোট ৫৬/-(ছাপান্ন)টাকা পরবর্তী ৭২(বাহাত্তর) ঘন্টার মধ্যে জমা দিবেন। বিশেষভাবে উল্লেখ্য, Online-এ আবেদনপত্রের সকল অংশ পূরণ করে submit করা হলেও পরীক্ষার ফি জমা না দেয়া পর্যন্ত Online আবেদনপত্র কোনো অবস্থাতেই গৃহীত হবে না।

প্রথম SMS: DGT‹space›User ID লিখে Send করতে হবে 16222 নম্বরে।

Example: DGT ABCDEF

দ্বিতীয় SMS: DGT‹space›YES ‹space›PIN লিখে send করতে হবে 16222 নম্বরে।

Example: DGT YES xxxxxxxxx

ছ. প্রবেশপত্র প্রাপ্তির বিষয়টি http://dgt.teletalk.com.bd অথবা সরকারি যানবাহন অধিদপ্তরের Website: www.dgt.gov.bd এবং প্রার্থীর মোবাইল ফোনে SMS-এর মাধ্যমে (শুধু যোগ্য প্রার্থীদেরকে) যথাসময়ে জানানো হবে। Online আবেদনপত্রে প্রার্থীর প্রদত্ত মোবাইল ফোনে পরীক্ষা সংক্রান্ত যাবতীয় যোগাযোগ সম্পন্ন করা হবে বিধায়, উক্ত নম্বরটি সার্বক্ষণিক সচল রাখা, SMS পড়া এবং প্রাপ্ত নির্দেশনা তাৎক্ষণিকভাবে অনুসরণ করা বাঞ্ছনীয়।

জ. SMS-এ প্রেরিত User ID এবং Password ব্যবহার করে পরবর্তীতে রোল নম্বর, পদের নাম, ছবি, পরীক্ষার তারিখ, সময় ও পরীক্ষার স্থান/কেন্দ্রের নাম ইত্যাদি তথ্য সংবলিত প্রবেশপত্র পার্থী Download পূর্বক রঙ্গিন Print করে নিবেন। প্রার্থী এই প্রবেশপত্রটি লিখিত পরীক্ষায় অংশগ্রহণের সময়ে এবং উত্তীর্ণ হলে মৌখিক/ব্যবহারিক পরীক্ষার সময়ে অবশ্যই প্রদর্শন করবেন।

ঝ. শুধু টেলিটক প্রি-পেইড মোবাইল ফোন থেকে প্রার্থীগণ নিম্নবর্ণিত SMS পদ্ধতি অনুসরণ করে নিজ নিজ User ID এবং Password পুনরুদ্ধার করতে পারবেন।

i. User ID জানা থাকলে DGT‹space›Help‹space›User‹space› User ID & Send to 16222.
Example: DGT HELP USER ABCDEF

ii. PIN Number জানা থাকলে DGT‹space›Help‹space›PIN‹space› PIN No & Send to 16222.
Example: DGT HELP PIN 12345678

ঞ. Online-এ আবেদন করতে কোন সমস্যা হলে যে কোন টেলিটক মোবাইল নম্বর থেকে ১২১ এ কল করুন। এ ছাড়াও vas.query@teletalk.com.bd এই ই-মেইলে যোগাযোগ করা যাবে।

০৮.২.২০২১

(আহমেদ ফয়সল ইমাম)
পরিচালক (নৌ)(যুগ্মসচিব)
ও
সভাপতি
বিভাগীয় নির্বাচন কমিটি
সরকারি যানবাহন অধিদপ্তর, ঢাকা।